# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬১৪

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর পরিত্যক্ত সম্পদ।

## باب مَا جَاءَ فِي تَرِكَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ جَاءَتْ فَاطِمَةُ إِلَى أَبِي بَكْرٍ فَقَالَتْ مَنْ يَرِثُكَ قَالَ أَهْلِي وَوَلَدِي . قَالَتْ فَمَا لِي لاَ أَرِثُ أَبِي فَقَالَ أَبُو بَكْرٍ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " لاَ نُورَثُ " . وَلَكِنِّي أَعُولُ مَنْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَعُولُهُ وَأُنْفِقُ عَلَى مَنْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُنْفِقُ عَلَيْهِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَطَلْحَةَ وَالزُّبَيْرِ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَسَعْدٍ وَعَائِشَةَ . وَحَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ إِنَّمَا أَسْنَدَهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ وَعَبْدُ الْوَهَّابِ بْنُ عَطَاءٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ . وَسَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْحَدِيثِ فَقَالَ لاَ أَعْلَمُ أَحَدًا رَوَاهُ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ إِلاَّ حَمَّادَ بْنَ سَلَمَةَ . وَرَوَى عَبْدُ الْوَهَّابِ بْنُ عَطَاءٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ نَحْوَ رِوَايَةِ حَمَّادِ بْنِ سَلَمَةَ .

বাংলা

১৬১৪। মুহাম্মদ ইবনু মুছান্না (রহঃ) ... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, ফাতিমা রাদিয়াল্লাহু আনহা আবূ বকর রাদিয়াল্লাহু আনহু-এর কাছে এসে বললেন, কে আপনার উত্তরাধিকারী হবে? তিনি বললেন, আমার পরিবার ও সন্তানরা। ফাতিমা রাদিয়াল্লাহু আনহা বললেন, তাহলে আমি কেন আমার পিতার উত্তরাধিকারী হবো না? তখন আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ’’আমাদের কেউ ওয়ারিশ হয় না’’। তবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাদের ভরণপোষণ করতেন, আমিও তাদের ভরণ পোষণ করবো, যাদের খোরপোষ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিতেন আমিও তাদের খোরপোষ দিব।

সহীহ, মুখতাসার শামাঈল মুহাম্মাদিয়া ৩৩৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬০৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, তালহা, যুবায়র, আবদুর রহমান ইবনু আওফ, সা’দ ও আইশা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান এবং এই সূত্রে গারীব। এটি মুহাম্মদ ইবনু সালামা ও আবদুল ওয়াহহাব ইবনু আতা-মুহাম্মদ ইবনু আমর-আবূ সালামা-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে মুসনাদ রূপে বর্ণিত আছে। আমি মুহাম্মদ (বুখারী) (রহঃ)-কে এই হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন, হাম্মাদ ইবনু সালামা রাদিয়াল্লাহু আনহু ব্যতীত মুহাম্মদ ইবনু আমর-আবূ সালামা-আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে এটি বর্ণনা করেছেন বলে আমি জানিনা।

## English

Narrated Abu Hurairah:

"Fatimah came to Abu Bakr and said: 'Who will inherit from you?' He said: 'My family and my son.' She said: 'So what about me? I do not get inheritance from my father?' So Abu Bakr said: 'I heard the Messenger of Allah (ﷺ) say: 'We are not inherited from' but I support those whom the Messenger of Allah (ﷺ) used to support, and I spend upon those whom the Messenger of Allah (ﷺ) spent upon."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from 'Umar, Talhah, Az-Zubair, 'Abdur-Rahman bin 'Awf, Sa'd and 'Aishah.

The Hadith of Abu Hurairah is Hasan Gharib from this route. It is only reported with a chain by Hammad bin Salamah and 'Abdul Wahhab bin 'Ata, from Muhammad bin 'Amr, from Abu Salamah, from Abu Hurairah.

I asked Muhammad about this Hadith and he said: "No one is known to have reported it from Muhammad bin 'Amr, from Abu Salamah, from Abu Hurairah except from Hammad bin Salamah. 'Abdul Wahhab bin 'Ata reported it from Muhammad bib 'Amr, from Abu Salamah, and from Abu Hurairah and it is similar to the narration of Hammad bin Salamah. And this Hadith has been reported through other routes from Abu Bakr As-Siddiq, from the Prophet (ﷺ).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন